



UNITED PEOPLE'S DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address : Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcft@yahoo.com, Website: www.updfcft.org

Ref :

Date : ৫ জুলাই ২০১০

প্রেস বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম বিষয়ে গৃহীত কতিপয় সরকারি সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ইউপিডিএফ-এর প্রতিবাদ ও উদ্বেগ প্রকাশ

আজ সোমবার ৫ জুলাই দৈনিক যুগান্তরে প্রকাশিত সংবাদ প্রতিবেদনের মাধ্যমে পার্বত্য চট্টগ্রামের ব্যাপারে সরকারের গৃহীত কতিপয় সিদ্ধান্ত সম্পর্কে অবহিত হয়ে ইউপিডিএফ তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করেছে।

পূর্ণস্বায়ত্তশাসনের দাবিতে আন্দোলনরত পার্বত্য চট্টগ্রামের আঞ্চলিক রাজনৈতিক দল ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর কেন্দ্রীয় নেতা সচিব চাকমা প্রধানমন্ত্রীর কার্যালয়ে গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে আজ এক বিবৃতিতে সরকারের তীব্র সমালোচনা করেন। বিবৃতিতে তিনি বলেন, '১৯-২০ ও ২৩ ফেব্রুয়ারি সাজেক-খাগড়াছড়িতে সংঘটিত ধ্বংসযজ্ঞের তদন্ত, দোষী ব্যক্তিদের শাস্তি, ক্ষতিগ্রস্তদের যথোপযুক্ত ক্ষতিপূরণ ও পুনর্বাসনের ব্যবস্থা না করে, প্রকৃত ঘটনাবলী ধামাচাপা দিয়ে অপরাধীদের আড়াল ও নিজ ব্যর্থতা ঢাকার হীন উদ্দেশ্যে সরকার উদ্যোগ পিণ্ডি বুঁদোর ঘাড়ে চাপিয়ে ইউপিডিএফ'কে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টিকারী বলে নানা অপবাদ দিচ্ছে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা সেনাবাহিনীর দ্বারা নির্মিত আশ্রয়ালয় প্রকল্পের মাধ্যমে সাজেক-খাগড়াছড়ি ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের সরকারি সিদ্ধান্তকে নব্বই দশকের 'গুচ্ছগ্রাম প্রকল্পের' সাথে তুলনা করে বলেন, 'এতে পার্বত্য চট্টগ্রামে সেনা খবরদারি আরও জোরদার হবে। মিথ্যা অপবাদ দিয়ে ইউপিডিএফ'কে কঠোরভাবে দমন, দলের মাঠ পর্যায়ের কর্মীদের নিষ্ক্রিয়করণের সিদ্ধান্ত গ্রহণ করে সরকার কার্যতঃ সংবিধান স্বীকৃত বাক-ব্যক্তি স্বাধীনতা ও সংগঠন করার অধিকার পাহাড়িদের কাছ থেকে কেড়ে নিয়ে হিংস্র ফ্যাসিবাদী চেহারা বের করেছে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা সরকারকে আরও স্মরণ করিয়ে দিয়ে বলেন, পর পর দু'বার জাতীয় নির্বাচনে উল্লেখযোগ্য ভোটপ্রাপ্ত দলের ওপর ষড়যন্ত্রমূলক বিধি-নিষেধ আরোপ, নিয়ন্ত্রণ ও নেতা-কর্মীদের দমন-পীড়ন পার্বত্য চট্টগ্রামের জনগণ মেনে নেবে না। তার পরিণতি কখনই শুভ হবে না।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রেস সেকশান

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)